



**2022/TDC(CBCS)/EVEN/SEM/  
BNGHCC-202T/014**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

**BENGALI  
( Honours )**

**( 2nd Semester )**

**Course No. : BNGHCC-202T**

**( উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক )**

**পূর্ণমান : ৭০**

**উত্তীর্ণমান : ২৮**

**সময় : ৩ ঘণ্টা**

**পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক**

**SECTION—A**

**যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :**

**২×১০=২০**

- ১। ‘সীতার বনবাস’ গ্রন্থ ছাড়া বিদ্যাসাগরের অন্য দুটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখো।
- ২। ‘সীতার বনবাস’ গ্রন্থটি কোন্ দুটি গ্রন্থ অবলম্বনে রচিত?
- ৩। ‘আলেখ্য দর্শন’ অংশে উল্লিখিত যে কোনো দুটি জায়গার নাম উল্লেখ করো।

- ৪। 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থ ছাড়া বঙ্কিমচন্দ্রের অন্য যে কোনো দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।
- ৫। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধের যে কোনো দুটি পরিচ্ছেদের নাম লেখো।
- ৬। 'শকুন্তলা, মিরন্দা এবং দেসদিমোনা' প্রবন্ধের যে কোনো দুটি চরিত্রের নাম লেখো।
- ৭। মাইকেল মধুসূদন দত্তের 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কত সালে প্রকাশিত হয়? এতে মোট কয়টি অঙ্ক রয়েছে?
- ৮। "সভ্যতা দেখি এবলিশ কন্ডো হলো।" উক্তিটি কে, কাকে উদ্দেশ্য করে বলেছিল?
- ৯। নবকুমারের নিত্যসঙ্গী বন্ধুটির নাম লেখো। নবকুমারের পিতা কোন্ তীর্থ ভ্রমণ করে বাড়ি ফিরেছিলেন?
- ১০। দীনবন্ধু মিত্রের পূর্ববর্তী যে কোনো দুজন নাট্যকারের নাম লেখো।
- ১১। 'নীলদর্পণ' নাটকটি কত সালে প্রকাশিত হয়? নাটকটিতে মোট কয়টি অঙ্ক রয়েছে?
- ১২। 'নীলদর্পণ' নাটকের দুজন নারীচরিত্রের নাম লেখো।
- ১৩। 'বিসর্জন' নাটক ছাড়া রবীন্দ্রনাথের অন্য দুটি নাটকের নাম লেখো।

- ১৪। 'বিসর্জন' নাটকটি কত সালে প্রকাশিত হয়? এটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাস অবলম্বনে রচিত?
- ১৫। 'বিসর্জন' নাটকে রঘুপতির রাজপুত্র হত্যার চক্রান্তে সাহায্যকারী দুটি চরিত্রের নাম লেখো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। 'সীতার বনবাস' গ্রন্থ অবলম্বনে বিদ্যাসাগরের গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।
- ১৭। 'সীতার বনবাস' গ্রন্থের রাম চরিত্র সৃষ্টিতে বিদ্যাসাগরের যে মৌলিকতার পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- ১৮। 'শকুন্তলা, মিরন্দা এবং দেসদিমোনা' প্রবন্ধ অবলম্বনে শকুন্তলা চরিত্রের সঙ্গে অন্য দুটি চরিত্রের সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোচনা করো।
- ১৯। বঙ্কিমচন্দ্রের 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটির মূল বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।
- ২০। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে সমকালীন সমাজজীবনের যে পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ২১। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন অবলম্বনে বাবাজী চরিত্র আলোচনা করো।
- ২২। 'নীলদর্পণ' নাটকে কৃষকদের প্রতি নীলকর সাহেবদের অত্যাচারের যে ছবি ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।



( 4 )

- ২৩। 'নীলদর্পণ' নাটকের নারীচরিত্রগুলোর প্রাসঙ্গিকতা সম্পর্কে আলোচনা করো।
- ২৪। 'বিসর্জন' নাটকটি ট্রাজেডি নাটক হিসাবে কতটুকু সার্থক, সংক্ষেপে আলোচনা করো।
- ২৫। 'বিসর্জন' নাটকের রথুপতি চরিত্র সম্পর্কে আলোচনা করো।

★ ★ ★